

পরীক্ষায় নকলে বাধা দেয়ায় শিক্ষিকা লাঞ্চিত : বহিষ্কার ও

প্রতিনিধি, হোমনা (কুমিল্লা)

কুমিল্লার তিতাসে চলমান এসএসসি/দাখিল ও সমমান পরীক্ষায় এক এসএসসি পরীক্ষার্থীকে নকলে বাধা দেয়ায় শিক্ষিকাকে চরমভাবে লাঞ্চিত করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। ঘটনাটি ঘটে গত মঙ্গলবার দুপুরে উপজেলার জগতপুর সাধনা উচ্চ বিদ্যালয়ে। উপজেলার গাজীপুর খান হাই স্কুল অ্যান্ড কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্র হয় এই বিদ্যালয়টি। এ ঘটনায় জড়িত ও ছাত্রকে বহিষ্কার করা হয়েছে বলে জানা গেছে। প্রত্যক্ষদর্শী ও উপজেলা প্রশাসন সূত্রে জানা যায়, গত মঙ্গলবার ছিলো গণিত পরীক্ষা। গাজীপুর খান হাই স্কুল শাখার এসএসসি পরীক্ষার্থী আজিজুল ইসলাম পাঠান, রাকিব খানকে নকল করতে দেখে ওই কেন্দ্রের ১৫ নং কক্ষের হল পরিদর্শক উপজেলার মজিদপুর উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা জোবেদা খাতুন তাদের কাছ থেকে নকল কেড়ে নেয়। এনিয়ে তাৎক্ষণিক উত্তেজনা দেখা দেয়ায় ওই ছাত্রকে এক্সফেল না করে পরীক্ষা চালিয়ে যেতে দেয়া হয়। পরীক্ষার্থীসহ তার অভিভাবকেরা কিছু মাদকাশক্ত এলাকার দাগী সন্ত্রাসীদের নিয়ে কেন্দ্রের প্রধান ফটকে ওই শিক্ষিকা বের হওয়ার সঙ্গে সঙ্গে তার ওপর চড়াও হয়ে চর থাপ্পর, কিল-ছুষিতে মাটিতে ফেলে দেয়। এবং কাপড় টেনে লাথি মেরে সন্ত্রাস হানির চেষ্টা করে। এ সময় স্থানীয়রা হামলাকারীদের হাত থেকে শিক্ষিকাকে উদ্ধার করে সিএনজিতে তুলে দেয়। খবর পেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা মকিমা বেগম, ওসি মনিরুল ইসলাম পিপিএম ঘটনাস্থল পরিদর্শন করেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা মকিমা বেগম জানান, পরীক্ষার্থী জাকারিয়া ডুইয়া, আজিজুল ইসলাম পাঠান ও রাকিবকে এক্সফেল করা হয়েছে। এবং ঘটনায় জড়িত অন্যদের বিরুদ্ধে থানায় মামলা দায়ের করা হয়েছে।

নকল সরবরাহের দায়ে তিন শিক্ষককে দণ্ড

প্রতিনিধি, ঝালকাঠি

ঝালকাঠির নলছিটির ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা কেন্দ্রে নকল সরবরাহ করার দায়ে ৩ মাদ্রাসা শিক্ষককে ২ বছর করে বিনাশ্রম করাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। গত মঙ্গলবার দাখিল পরীক্ষা চলাকালীন ভ্রাম্যমাণ আদালত পরিচালনাকারী উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: শাহ মো: কামরুল হুদা এই সাজা প্রদান করেছেন। দণ্ডপ্রাপ্তরা হচ্ছেন মাওঃ মোফাজ্জেল হোসেন, নুরুল আমীন, ও মনিরুল ইসলাম।